


# সমাজসেবা অধিদপ্তর
# সমাজকল্যাণ মন্ত্রণালয়

## সমাজসেবা অধিদপ্তরের কার্যক্রম পরিচিতি


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মানবসম্পদ উন্নয়ন সম্পৃক্ত মন্ত্রণালয়সমূহের মধ্যে সমাজকল্যাণ মন্ত্রণালয় অন্যতম। এ মন্ত্রণালয়াধীন সমাজসেবা অধিদপ্তর দেশের দুঃস্থ, দরিদ্র, এতিম, বয়স্ক, বিধবা, বিপন্ন শিশু, প্রতিবন্ধী ও প্রান্তিক জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়ন, কল্যাণ, অধিকার সুরক্ষা ও সামাজিক নিরাপত্তামূলক বহুমাত্রিক কর্মসূচি বাস্তবায়ন করে আসছে। ১৯৬১ সাল থেকে শুরু করে অদ্যাবধি বহুমূখী কর্মসূচি বাস্তবায়নে সমাজসেবা অধিদপ্তরের রয়েছে গৌরবময় ইতিহাস। সমাজ দর্শন এবং উন্নয়ন কৌশলের প্রেক্ষিতে বিশাল কর্মযজ্ঞে এ অধিদপ্তরের রয়েছে অসংখ্য সাফল্যগাঁথা।

১৯৪৭ সালে ভারতবর্ষ থেকে ব্রিটিশ উপনিবেশের অবসানের পর এ দেশে তথা তৎকালীন পূর্ব পাকিস্তানে ভারত থেকে মহাজেরদের অব্যাহত গতিতে আগমন ঘটে। তৎকালীন প্রাদেশিক রাজধানী ঢাকাতে বস্তি সমস্যাসহ নিত্যনতুন সমস্যা সৃষ্টি হয়। ১৯৫৫ সালে স্বাস্থ্য পরিদপ্তরের আওতায় সর্বপ্রথম ঢাকার কায়েতটুলিতে শহর সমাজসেবা কার্যক্রম চালু হয়। পরবর্তীতে গোপীবাগ এবং ঢাকার মোহাম্মদপুরে এ কার্যক্রমের ভিন্ন ভিন্ন ইউনিট স্থাপিত হয়। সমাজসেবা কার্যক্রমের ব্যাপক বিকাশ, ব্যাপ্তি এবং বিবিধ সামাজিক সমস্যা মোকাবিলার জন্য জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্দেশনায় ১৯৭৪ সালে সমাজকল্যাণ বিভাগের আত্মপ্রকাশ ঘটে। ১৯৮৪ সালে সমাজকল্যাণ বিভাগের নাম পরিবর্তিত হয়ে পূর্ণাঙ্গ অধিদপ্তর হিসেবে 'সমাজসেবা অধিদপ্তর' প্রতিষ্ঠিত হয়।

দুঃস্থ, অসহায়, প্রতিবন্ধী, বিপন্ন শিশু ও অনগ্রসর জনগোষ্ঠীকে সামাজিক নিরাপত্তা প্রদান ও তাদের আর্থ-সামাজিক উন্নয়ন সাধনের মাধ্যমে সোনার বাংলাদেশ গড়ার লক্ষ্যে কাজ করে যাচ্ছে সমাজসেবা অধিদপ্তর। এ অধিদপ্তরের কাজ দেশের তৃণমূল পর্যন্ত বিস্তৃত। সমাজের অনগ্রসর জনগোষ্ঠীকে মূলধারার পথে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর পথিকৃতের ভূমিকা পালন করছে। সারাদেশে ১০৩২ টি কার্যালয়ের মাধ্যমে বর্তমানে ৫৪টি কার্যক্রম পরিচালিত হচ্ছে। সমাজসেবা অধিদপ্তর এসব কার্যক্রমের মাধ্যমে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় সমাজের অনগ্রসর, সুবিধাবঞ্চিত, দরিদ্র ও সমস্যাগ্রস্ত জনগোষ্ঠীর কল্যাণসাধন, সামাজিক নিরাপত্তা প্রদান ও ক্ষমতায়নের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়নে কাজ করে যাচ্ছে। এ অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের মধ্যে রয়েছে নানাবিধ সেবার বৈচিত্র্য।

একটি ক্ষুধা ও দারিদ্রমুক্ত, তথ্যপ্রযুক্তি নির্ভর মধ্যম আয়ের বাংলাদেশ গড়া এবং ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে পরিণত করার লক্ষ্যে সমাজসেবা অধিদপ্তর পরিচালিত কার্যক্রম গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। একইসাথে নিবন্ধিত বেসরকারি স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থার উন্নয়নমূলক কর্মকাণ্ড সহায়ক ভূমিকা পালন করছে।

**"মুজিব বর্ষের সফলতা, ঘরেই পাবেন সকল ভাতা"**



### বয়স্ক ভাতা
উপকারভোগী ৫৭.০১ লক্ষ জন
জনপ্রতি মাসিক ভাতা ৫০০ টাকা
মোট বরাদ্দ ৩৪৪৪.৫৪ কোটি টাকা



### বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা
উপকারভোগী ২৪.৭৫ লক্ষ জন
জনপ্রতি মাসিক ভাতা ৫০০ টাকা
মোট বরাদ্দ ১৪৯৫.৪০ কোটি টাকা




### প্রতিবন্ধী ভাতা
উপকারভোগী ২০.০৮ লক্ষ জন
জনপ্রতি মাসিক ভাতা ৭৫০ টাকা
মোট বরাদ্দ ১৮২০.০০ কোটি টাকা



### প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি
উপকারভোগী ১.০০ লক্ষ জন
জনপ্রতি মাসিক উপবৃত্তি-
৭৫০-১২০০ টাকা পর্যন্ত
মোট বরাদ্দ ৯৫.৬৪ কোটি টাকা







**"বঙ্গবন্ধুর ক্ষুদ্রঋণ,
ঘুচায় দৈন্য, আনে সুদিন"**

## দারিদ্র্য নিরসন কার্যক্রম

| ক্রমিক | কার্যক্রমের নাম | কার্যএলাকা/ইউনিট | সুফলভোগীর সংখ্যা | মোট বরাদ্দ |
|---|---|---|---|---|
| ১ | পল্লী সমাজসেবা (RSS) কার্যক্রম | ৪৯৩ টি উপজেলা | ৩৩ লক্ষ ২৫ হাজার ৫১১টি পরিবার | ৫৫৪.৯৩৬৬ কোটি টাকা |
| ২ | শহর সমাজসেবা (UCD) কার্যক্রম | ৬৪ টি জেলা শহরে ৮০ টি কার্যালয় | ১ লক্ষ ৪৫ হাজার ৬৬৫টি পরিবার | ৭১.৬৪ কোটি টাকা |
| ৩ | পল্লী মাতৃকেন্দ্র (RMC) কার্যক্রম | ৪৯২ টি উপজেলা | ৬ লক্ষ ৩৬ হাজার ৮৬৯ টি পরিবার | ৮৬.২৮৪০৫ কোটি টাকা |
| ৪ | দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম | ৪৯৩ টি উপজেলা ও ৮০ টি শহর সমাজসেবা | ১ লক্ষ ৯০ হাজার ৬০০ জন | ৯৬.১৮০৬ কোটি টাকা |
| ৫ | আশ্রয়ণ প্রকল্প | ৫৭ টি জেলার ১৮১ টি উপজেলা | ৪৭ হাজার ৫২০ টি পরিবার | ২০.৭৩০০১৮২কোটি টাকা |

## সামাজিক নিরাপত্তা কর্মসূচি


| ক্রমিক | কার্যক্রম | কার্যএলাকা | ভাতাভোগীর সংখ্যা | বরাদ্দ (২০২১-২২) |
|---|---|---|---|---|
| ১ | বয়স্ক ভাতা | দেশব্যাপী | ৫৭ লক্ষ ০১ হাজার জন | ৩৪৪৪.৫৪ কোটি টাকা |
| ২ | বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা | দেশব্যাপী | ২৪ লক্ষ ৭৫ হাজার জন | ১৪৯৫.৪০ কোটি টাকা |
| ৩ | প্রতিবন্ধী ভাতা | দেশব্যাপী | ২০ লক্ষ ০৮ হাজার জন | ১৮২০.০০ কোটি টাকা |
| ৪ | প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি | দেশব্যাপী | ১ লক্ষ জন | ৯৫.৬৪ কোটি টাকা |
| ৫ | হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি<br>বিশেষ ভাতা/শিক্ষা উপবৃত্তি/প্রশিক্ষণ/ প্রশিক্ষণোত্তর সহায়তা | দেশব্যাপী | ৩ হাজার ৮ শত ২৫ জন | ৫.৫৬ কোটি টাকা |
| ৬ | বেদে জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি<br>বিশেষ ভাতা/শিক্ষা উপবৃত্তি/প্রশিক্ষণ/ প্রশিক্ষণোত্তর সহায়তা | দেশব্যাপী | ৯ হাজার ৫ শত ৬৪ জন | ৯.২৩ কোটি টাকা |
| ৭ | ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়া রোগীর আর্থিক সহায়তা কর্মসূচি | দেশব্যাপী | ৩০ হাজার জন | ১৫০.০০ কোটি টাকা |
| ৮ | চা-শ্রমিকদের জীবনমান উন্নয়ন কর্মসূচি<br>(আর্থিক সহায়তা) | যেখানে চা বাগান রয়েছে | ৫০ হাজার জন | ২৫.০০ কোটি টাকা |
| ৯ | ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীর বিকল্প কর্মসংস্থান | ঢাকা মহানগরীর ভিআইপি জোন ও ৫৮ জেলা | ৩ হাজার জন | ৬.০০ কোটি টাকা |
| ১০ | অনগ্রসর জনগোষ্ঠির জীবনমান উন্নয়ন কর্মসূচি | দেশব্যাপী | ৬৯ হাজার ১ শত ৫৩ জন | ৫৭.৮৭ কোটি টাকা |
| | | | মোট: ১ কোটি ৪ লক্ষ ৪৯ হাজার ৫৪২ জন | মোট: ৭১০৯.২৪ কোটি টাকা |

## প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ কর্মসূচি

| ক্রমিক | কার্যক্রম | কার্যএলাকা | জরিপভুক্তির সংখ্যা |
|---|---|---|---|
| ১ | প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ কর্মসূচি | দেশব্যাপী | ডিসেম্বর ২০২১ পর্যন্ত জরিপভুক্ত ও শনাক্তকৃত ২৪ লক্ষ ৪৪ হাজার ৩৯৩ জন এবং সুবর্ণ নাগরিক কার্ড বিতরণ চলমান |

## শিশু সুরক্ষামূলক কার্যক্রম

| ক্রমিক | কার্যক্রম/প্রতিষ্ঠানের নাম | ইউনিট সংখ্যা | পুনর্বাসন সংখ্যা |
|---|---|---|---|
| ১ | সরকারি শিশু পরিবার | ৮৫ টি (বালক ৪৩ টি, বালিকা ৪১ টি এবং মিশ্র ১ টি) | ৬৯,৪৫৬ জন |
| ২ | ছোটমণি নিবাস (০ হতে ৭ বছর) | ৬ টি | ১,৩৬৩ জন |
| ৩ | দিবাকালীন শিশু যত্ন কেন্দ্র (ঢাকার আজিমপুরে) | ১ টি | ৮,৩৬৩ জন |
| ৪ | দুঃস্থ শিশুদের প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র | ৩ টি | ৫,০০৩ জন |
| ৫ | নিবন্ধনকৃত বেসরকারি এতিমখানায় ক্যাপিটেশন গ্র্যান্ট | ৪০১২ টি | ১,০৬,০০০ জন |
| ৬ | শেখ রাসেল দুঃস্থ শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র (কর্মসূচিতে স্থানান্তর প্রক্রিয়াধীন) | ১৩ টি কেন্দ্র ও ২৬ টি ইউনিট | সেবা- ১৩,৬৬৪ জন<br>পুনর্বাসন- ১১,৪১১ জন |


## সামাজিক অবক্ষয় প্রতিরোধ কার্যক্রম

| ক্রমিক | কার্যক্রম/প্রতিষ্ঠানের নাম | ইউনিট সংখ্যা | পুনর্বাসন সংখ্যা |
|---|---|---|---|
| ১ | শিশু উন্নয়ন কেন্দ্র (টংগী ও কোনাবাড়ী, গাজীপুর এবং পুলেরহাট, যশোর) | ৩ টি (২টি বালক ও ১টি বালিকা) | ২৬,৪০৮ জন |
| ২ | সামাজিক প্রতিবন্ধী মেয়েদের প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র | ৬ টি | ১,১৫৩ জন |
| ৩ | সরকারি আশ্রয় কেন্দ্র | ৬ টি | ৫২,২৬০ জন |
| ৪ | মহিলা ও শিশুকিশোরী হেফাজতীদের নিরাপদ আবাসন কেন্দ্র (সেফ হোম) | ৬ টি | ৯,০৩৪ জন |
| ৫ | দুঃস্থ ও ভবঘুরে প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র | ৫ টি | ৫৪,২১৪ জন |
| ৬ | প্রবেশন এন্ড আফটার কেয়ার সার্ভিস (৬৪ জেলায়, ৬টি সিএমএম কোর্ট) | ৭০ টি | প্রবেশনারের সংখ্যা ৪,২৭২ জন<br>অব্যাহতি প্রাপ্ত প্রবেশনারের সংখ্যা ১,৭৭৮ জন ও<br>ডাইভারশন ২,১২৫ জন |

## প্রতিবন্ধী ব্যক্তিদের কল্যাণ ও উন্নয়ন কর্মসূচি

| ক্রমিক | কার্যক্রম/প্রতিষ্ঠানের নাম | ইউনিট সংখ্যা | উপকৃত/পুনর্বাসন সংখ্যা |
|---|---|---|---|
| ১ | সমন্বিত দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষা কার্যক্রম (সকল জেলা) | ৬৪ টি | ১,২৩৬ জন |
| ২ | সরকারি দৃষ্টি প্রতিবন্ধী বিদ্যালয় (বরিশাল) | ১ টি | ৪৫৬ জন |
| ৩ | সরকারি বাক-শ্রবণ প্রতিবন্ধী বিদ্যালয় (চাঁদপুর / ফরিদপুর / সিলেট/ঝিনাইদহ) | ৪ টি | ১,১৮৮ জন |
| ৪ | পিএইচটি সেন্টার (মিরপুর, ঢাকা / মুরাদপুর, চট্টগ্রাম / রাজশাহী / খুলনা) | ৪ টি | ৬,৮৪২ জন |
| ৫ | মানসিক প্রতিবন্ধী শিশুদের প্রতিষ্ঠান (রাউফাবাদ, চট্টগ্রাম) | ১ টি | ১২৯ জন |
| ৬ | জাতীয় দৃষ্টি প্রতিবন্ধী প্রশিক্ষণ ও পুনর্বাস কেন্দ্র (এনটিআরসিবি, টঙ্গী, গাজীপুর) | ১ টি | ১,১৮৫ জন |
| ৭ | শারীরিক প্রতিবন্ধীদের প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র (ইআরসিপিএইচ, টঙ্গী, গাজীপুর) | ১ টি | ২,৭০৪ জন |
| ৮ | শারীরিক প্রতিবন্ধীদের গ্রামীণ পুনর্বাসন উপকেন্দ্র (আরআরসি, ফকিরহাট, বাগেরহাট) | ১ টি | ৩৩৯ জন |
| ৯ | এতিম ও প্রতিবন্ধী ছেলে মেয়েদের কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র | ৬ টি (৪টি ছেলে ও ২টি মেয়ে) | ৩১১ জন |
| ১০ | জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র (মিরপুর-১৪, ঢাকা) | ১ টি | ২৭১ জন |

## বৃত্তিমূলক প্রশিক্ষণ কার্যক্রম

| ক্রমিক | প্রতিষ্ঠানের নাম | ইউনিট | উপকৃত/পুনর্বাসন সংখ্যা |
|---|---|---|---|
| ১ | মহিলাদের আর্থ-সামাজিক প্রশিক্ষণ কার্যক্রম | ১ টি | ৩৭১ জন |
| ২ | দুঃস্থ মহিলাদের বৃত্তিমূলক প্রশিক্ষণ ও উৎপাদন কেন্দ্র (টংগী, গাজীপুর) | ১ টি | ৩০,৫৪১ জন |
| ৩ | প্রাক-বৃত্তিমূলক প্রশিক্ষণ কার্যক্রম | ৫ টি | ২,৯০৫ জন |


## প্রতিবন্ধিতা সহায়ক সামগ্রী উৎপাদন কেন্দ্র

| ক্রমিক | প্রতিষ্ঠানের নাম | ইউনিট | উপকৃত/পুনর্বাসন সংখ্যা |
|---|---|---|---|
| ১ | কৃত্রিম অঙ্গ উৎপাদন কেন্দ্র (স্টেশন রোড, টঙ্গী, গাজীপুর) | ১ টি | ৩৬১ জন |
| ২ | ব্রেইল প্রেস (স্টেশন রোড, টঙ্গী, গাজীপুর) | ১ টি | ৩০,৫০০ জন |

## শিশু সুরক্ষা/অন্যান্য প্রকল্প

| ক্রমিক | প্রকল্পের নাম | ইউনিট | সেবা/পুনর্বাসন |
|---|---|---|---|
| ১ | চাইল্ড সেনসিটিভ সোস্যাল প্রটেকশন ইন বাংলাদেশ<br>(চাইল্ড হেল্প লাইন ১০৯৮ সহ অন্যান্য শিশু সুরক্ষা কর্মসূচি) | ১ টি | ৭,২০,৬৩১ জন<br>(চাইল্ড হেল্প লাইন ১০৯৮ - ৬,১৭,২৩৫ জন<br>প্রশিক্ষণ, আর্থিক সহায়তা ও অন্যান্য- ১,০৩,৩৯৬ জন) |
| ২ | প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্প (প্রশিক্ষণ ও অনুদান) | ১ টি | ২৬,৩৪৩ জন |






## সেবামূলক ও কমিউনিটি ক্ষমতায়ন কার্যক্রম

| ক্রমিক | প্রতিষ্ঠান/কার্যক্রমের নাম | ইউনিট | উপকৃতের সংখ্যা |
|---|---|---|---|
| ১ | হাসপাতাল সমাজসেবা কার্যক্রম (সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল, স্বায়ত্তশাসিত হাসপাতাল ও বেসরকারি বৃহৎ হাসপাতালসমূহে ) | ১০৮ টি | শুরু থেকে এ পর্যন্ত মোট ৪ কোটি ১৯ লক্ষ ৪৭ হাজার ৫৪৩ জন |
| | উপজেলা হাসপাতাল সমাজসেবা কার্যক্রম (রোগী কল্যাণ সমিতি) | ৪২০ টি | |
| ২ | স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থা নিবন্ধন কার্যক্রম | ৫৯,০৮৫ টি (৫,১৬১ টি এতিমখানাসহ) | |

## পেশাগত দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কার্যক্রম

| ক্রমিক | প্রতিষ্ঠানের নাম | ইউনিট |
|---|---|---|
| ১ | জাতীয় সমাজসেবা একাডেমি, আগারগাঁও, ঢাকা | ১ টি |
| ২ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র (ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, খুলনা, বরিশাল ও সিলেট) | ৬ টি |

## দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কার্যক্রম, শহর সমাজসেবা কার্যালয় .......

| ক্রমিক | প্রতিষ্ঠানের নাম | ট্রেড সংখ্যা | ইউনিট | উপকৃতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র, শহর সমাজসেবা কার্যালয়, ......... | ২৩ টি BTEB অনুমোদিত | ৮০ টি | শুরু থেকে এ পর্যন্ত ২,৯৯,৪৪৮ জন |

## গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ কার্যক্রম

সমাজসেবা অধিদপ্তরের দেশব্যাপী বর্ণিত এসব কর্মসূচি বহুল প্রচার ও প্রকাশ, মাঠ পর্যায়ে বাস্তবায়নাধীন কর্মসূচি মূল্যায়ন এবং সরকারি ও বেসরকারি সংস্থা ও প্রতিষ্ঠান এবং বিভিন্ন মন্ত্রণালয়ের মধ্যে আন্তঃমন্ত্রণালয় সম্পর্ক স্থাপন, তথ্যপ্রবাহ ও জনসংযোগের জন্য গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা একটি অন্যতম গুরুত্বপূর্ণ শাখা। সমাজসেবা অধিদপ্তর পরিচালিত বিভিন্ন কার্যক্রম পরিচিতি, কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা, অধিদপ্তর সংশিষ্ট বিভিন্ন বিধি ও আইন সংক্রান্ত গ্রন্থ প্রকাশের ব্যবস্থা করা এবং সমাজসেবা অধিদপ্তরের মুখপত্র 'মাসিক সমাজকল্যাণ বার্তা' প্রকাশের দায়িত্ব এ শাখা কর্তৃক সম্পন্ন করা হয়ে থাকে। সংসদীয় প্রশ্নোত্তর, সংসদীয় স্থায়ী কমিটির কার্যাবলি ও কেবিনেট রিপোর্ট এ শাখা থেকে প্রণয়ন করা হয়। কার্যক্রমভিত্তিক পোস্টার, লিফলেট, ফেস্টুন, ব্রুশিয়ার ও পুস্তিকা প্রকাশ করা এবং বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদযাপনের দায়িত্ব এ শাখার অন্তর্গত।

## উন্নয়নমূলক প্রকল্প

২০২১-২২ অর্থবছরে ৪৬ টি (জিওবি ৮টি, সরকারি-বেসরকারি যৌথ উদ্যোগ (পিপিপি) ৩৬টি ও বৈদেশিক সাহায্যপুষ্ট ২টি)।

## উল্লেখযোগ্য আইন ও নীতিমালা

- প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩
- শিশু আইন, ২০১৩
- পিতামাতার ভরণপোষণ আইন, ২০১৩
- ভবঘুরে ও নিরাশ্রয় ব্যক্তি (পুনর্বাসন) আইন, ২০১১
- সমাজসেবা অধিদফতর গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৩
- বয়স্ক ভাতা কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা, ২০১৩
- বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা, ২০১৩
- অসচ্ছল প্রতিবন্ধী ভাতা কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা, ২০১৩
- ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়া রোগীদের আর্থিক সহায়তা বাস্তবায়ন নীতিমালা, ২০১৯
- দ্যা প্রবেশন অব অফেন্ডার্স এ্যাক্ট, ১৯৬৪
- প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি বাস্তবায়ন নীতিমালা, ২০১৩
- এতিম ও প্রতিবন্ধী ছেলেমেয়েদের জন্য কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের বাস্তবায়ন নীতিমালা, ২০১৩
- দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা, ২০১৫
- পল্লী সমাজসেবা কার্যক্রম (RSS) বাস্তবায়ন নীতিমালা, ২০১১
- বেসরকারি এতিমখানায় ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ ও বণ্টন নীতিমালা, ২০১৫
- শহর সমাজসেবা উন্নয়ন কার্যক্রম (UCD) বাস্তবায়ন নীতিমালা, ২০১৯
- ছোটমণি নিবাস ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৩
- সামাজিক প্রতিবন্ধী মেয়েদের প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র বাস্তবায়ন নীতিমালা, ২০০২
- সরকারি শিশুসদন/শিশু পরিবার ব্যবস্থাপনা নীতিমালা, ২০০২
- প্রতিবন্ধী ব্যক্তিদের তথ্য উপাত্ত ব্যবহার নীতিমালা, ২০২১
- সেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ, ১৯৬১






যোগাযোগ
সমাজসেবা ভবন, ই-৮/বি-১ আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭, ফোন: +৮৮ ০২ ৫৫০০৬৫৯৫, ৫৫০০৭০২৩, ফ্যাক্স: +৮৮ ০২ ৯১৩৮৩৭৫
ওয়েব: http://www.dss.gov.bd; ই-মেইল:info@dss.gov.bd, facebook.com/dss.gov.bd




# জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উপলক্ষে ঘোষিত “মুজিববর্ষ”-এ গৃহীত কার্যক্রম

## সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় বিভিন্ন ভাতাভোগীর সংখ্যা বৃদ্ধিকরণ

ক) ২০২১-২২ অর্থবছরে বয়স্ক ভাতাভোগীর সংখ্যা ৪৯ লক্ষ থেকে বৃদ্ধি করে ৫৭.০১ লক্ষ জন এবং বাজেট ২৯৪০ কোটি টাকা থেকে বৃদ্ধি করে ৩৪৪৪.৫৪ কোটি টাকায় উন্নীত করা হয়েছে।

খ) বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতার সংখ্যা ২০২১-২২ অর্থবছরে ২০ লক্ষ ৫০ হাজার জন হতে ২৪.৭৫ লক্ষ জন এবং বাজেট ১২৩০ কোটি হতে ১৪৯৫.৪০ কোটি টাকায় উন্নীত করা হয়েছে।

গ) ২০২১-২২ অর্থ বছরে ১৫০ টি দারিদ্র প্রবণ উপজেলায় শতভাগ ভাতা পাওয়ার যোগ্য প্রবীণ ব্যক্তি এবং বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা কার্যক্রমের আওতাভুক্ত করা হয়েছে।

ঘ) প্রতিবন্ধী ভাতা কর্মসূচির আওতায় চলতি অর্থবছরে অতিরিক্ত ২.৮ লক্ষ জনসহ মোট ২০.৮ লক্ষ ভাতাভোগীকে মাসিক ৭৫০ টাকা হিসেবে ১,৮২০ কোটি টাকা প্রদান করা হচ্ছে।

**ভবিষ্যৎ কর্মপরিকল্পনা:**

- ন্যূনতম সামাজিক নিরাপত্তা সুবিধার নিশ্চয়তাসহ ২০৩০ সালের মধ্যে দরিদ্র ও সংকটাপন্ন জনগোষ্ঠীর একটি উল্লেখযোগ্য অংশকে এ কার্যক্রমের আওতায় নিয়ে আসা।
- বাজেট বরাদ্দ ও সুবিধাভোগীর সংখ্যা বৃদ্ধি করা।
- ডাটাবেজে অন্তর্ভুক্ত সকল প্রতিবন্ধী ব্যক্তিকে ভাতা প্রদান ও সুবর্ণ নাগরিক কার্ড প্রদান।
- ২০৩০ সালের মধ্যে চরম দারিদ্র্য নিরসন এবং ২০৪১ সালের মধ্যে দারিদ্র্য ৩ শতাংশেরও নিচে নামিয়ে আনা।

## ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, জন্মগত হৃদরোগ, স্ট্রোকে প্যারালাইজড এবং থ্যালাসেমিয়া রোগীর আর্থিক সহায়তা বৃদ্ধিকরণ

ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, জন্মগত হৃদরোগ, স্ট্রোকে প্যারালাইজড এবং থ্যালাসেমিয়ায় আক্রান্ত রোগীদের মোট আর্থিক সহায়তা কর্মসূচির আওতায় ২০২১-২২ অর্থবছরে সুবিধাভোগীর সংখ্যা ৩০ হাজার জন এবং বাজেট ১৫০.০০ কোটি টাকায় উন্নীত করা হয়েছে।

**ভবিষ্যৎ কর্মপরিকল্পনা:**

- অনলাইনে আবেদন করার জন্য সফটওয়্যার তৈরি।
- মোবাইল ফিনান্সিয়াল সিস্টেম (MFS) এর মাধ্যমে G2P পদ্ধতিতে আর্থিক অনুদান প্রদান।
- বাজেট বরাদ্দ ও সুবিধাভোগীর সংখ্যা ক্রমান্বয়ে বৃদ্ধি করা হবে।

## ক্যাপিটেশন গ্র্যান্ট এর বরাদ্দ বৃদ্ধিকরণ

বেসরকারি এতিমখানা এর ক্যাপিটেশন গ্র্যান্ট চলতি ২০২১-২২ অর্থ বছরে এর মাথাপিছু বরাদ্দের পরিমাণ জনপ্রতি মাসিক ২,০০০ (দুই হাজার টাকা) এবং মোট বরাদ্দের পরিমাণ ২৫৪.৪০ কোটি টাকায় উন্নীত করা হয়েছে।

**ভবিষ্যৎ কর্মপরিকল্পনা:**

- ২০২৪ সালের মধ্যে ক্যাপিটেশন গ্রান্টপ্রাপ্ত সকল নিবাসীর ডাটাবেইজ তৈরি করা

## সরকারি শিশু পরিবার এর নিবাসীদের মাসিক জনপ্রতি বরাদ্দের পরিমাণ বৃদ্ধিকরণ

২০২১-২২ অর্থবছরে জনপ্রতি মাসিক বরাদ্দ ৩,৫০০ টাকা (জুলাই-ডিসেম্বর পর্যন্ত) এবং পরবর্তী ৬ মাস (জানুয়ারি-জুন পর্যন্ত) জনপ্রতি ৪,০০০.০০ টাকা হিসাবে বাজেটের সংস্থান রাখা হয়েছে।

**ভবিষ্যৎ কর্মপরিকল্পনা:**

- ২০২৩ সালের মধ্যে নিবাসীদের ডাটাবেজ তৈরি করা।
- পর্যায়ক্রমে ৮৫টি শিশু পরিবারকে আধুনিকীকরণ।

## সুদমুক্ত ক্ষুদ্রঋণ এর বরাদ্দ বৃদ্ধিকরণ:

২০২১-২২ অর্থবছরে সুদমুক্ত ক্ষুদ্রঋণের বরাদ্দের পরিমাণ ২৬.৫০ কোটি টাকায় উন্নীত করা হয়েছে।

**ভবিষ্যৎ কর্মপরিকল্পনা:**

- ক্ষুদ্রঋণ কার্যক্রম এর জন্য Micro Credit Management System (MCMS) সফটওয়্যার চালুকরণ। এছাড়া যুগোপযোগী নীতিমালা প্রণয়ন।
- ইউনিয়ন সমাজকর্মীদের কাজের সুবিধার জন্য মোটর সাইকেল বিতরণ।
- বিনিয়োগ ও পুনঃবিনিয়োগের পরিকল্পনা নিম্নরূপ: স্বল্পমেয়াদী (৬ মাস -১ বছর) ১৫০ কোটি টাকা, মধ্যমেয়াদী (১-৩ বছর) ২৫০ কোটি টাকা এবং দীর্ঘমেয়াদী (৩-৫ বছর) ৫০০ কোটি টাকা।

## দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসনে আর্থিক সহায়তা বৃদ্ধিকরণ

দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রমের আওতায় বরাদ্দের পরিমাণ ২০২১-২২ অর্থবছরে ১.৯৩ কোটি টাকায় উন্নীত করা হয়েছে।

**ভবিষ্যৎ কর্মপরিকল্পনা:**

- ক্ষুদ্রঋণ কার্যক্রম এর জন্য Micro Credit Management System (MCMS) সফটওয়্যার চালুকরণ।
- যুগোপযোগী নীতিমালা প্রণয়ন।
- বিনিয়োগ ও পুনঃবিনিয়োগের পরিকল্পনা নিম্নরূপ: স্বল্পমেয়াদী (৬ মাস-১ বছর) ০.৯৬৫ কোটি টাকা, মধ্যমেয়াদী (১-৩ বছর) ৪৫ কোটি টাকা এবং দীর্ঘমেয়াদী (৩-৫ বছর) ৯০ কোটি টাকা।


## হিজড়া, বেদে ও অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে বরাদ্দ বৃদ্ধিকরণ ও G2P পদ্ধতিতে ভাতা প্রদান

হিজড়া, বেদে ও অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচিতে ২০২১-২২ অর্থবছরে বরাদ্দ ৭২.৬৬ কোটি টাকায় উন্নীত করা হয়েছে।

**ভবিষ্যৎ কর্মপরিকল্পনা:**

- শিশুদের ২০২৪ সালের মধ্যে ডাটাবেইজ প্রণয়ন এবং ২০৩০ সালের মধ্যে শিক্ষা ও বৃত্তিমূলক প্রশিক্ষণের সকল পর্যায়ে সমান প্রবেশাধিকার নিশ্চিতকরণ।







## বঙ্গবন্ধু কর্ণার স্থাপন

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে স্মরণ করে স্বপ্নের সোনার বাংলা গড়া ও জনগণের অধিকার সুপ্রতিষ্ঠার জন্য সমাজসেবা অধিদপ্তরের সদর কার্যালয়সহ মোট ১০৩২ টি কার্যালয়ে বঙ্গবন্ধু কর্ণার স্থাপন করা হয়েছে।

**ভবিষ্যৎ কর্মপরিকল্পনা:**

- স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে নিয়ে শিশু গ্রন্থ মেলায় প্রকাশিত বইসমূহ ৮৫ টি সরকারি শিশু পরিবারসহ অন্যান্য প্রতিষ্ঠানের নিবাসীদের পড়ার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ।
- বিভিন্ন জাতীয় দিবসে বঙ্গবন্ধুর জীবনী নিয়ে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা।

## বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী (ব্রেইলবুক ) প্রকাশনা উৎসব

দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীদের মাঝে জাতির পিতার জীবন ও আদর্শ লালনের প্রয়াসে বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী (ব্রেইলবুক) প্রকাশনা উৎসব করার জন্য ১০০ সেট আত্মজীবনী (১ সেট আত্মজীবনী ৬ কপি হিসেবে মোট ৬০০ কপি) ব্রেইল বই মুদ্রণ সম্পন্ন হয়েছে। ০৫ অক্টোবর ২০২০খ্রি. মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বইয়ের মোড়ক উন্মোচন করেছেন। ইতোমধ্যে দৃষ্টি প্রতিবন্ধী প্রতিষ্ঠানসমূহে বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী (ব্রেইলবুক) বিতরণ সম্পন্ন করা হয়েছে।

**ভবিষ্যৎ কর্মপরিকল্পনা:**

- আধুনিক ব্রেইল প্রেস চালুকরণ।
- জাতি গঠনমূলক বিভিন্ন বই ব্রেইল ভার্সনে প্রকাশের উদ্যোগ।
- স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের পাঠ্য বই ব্রেইল ভার্সনে মুদ্রণ।

## বঙ্গবন্ধু স্মরণে বঙ্গবন্ধু কুইজ/রচনা/সাংস্কৃতিক প্রতিযোগিতা

শিশুদের মাঝে জাতির পিতার জীবন ও কর্ম পৌঁছে দেয়ার জন্য রচনা ও সাংস্কৃতিক প্রতিযোগিতার বিষয় নির্ধারণের নিমিত্ত গঠিত উপকমিটি কার্যপরিধির আলোকে চূড়ান্তভাবে রচনা ও সাংস্কৃতিক প্রতিযোগিতার বিষয় নির্ধারণ করেছে। প্রতিষ্ঠানভিত্তিক জেলা পর্যায়ে প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত প্রতিযোগিতায় বিজয়ীদের নিয়ে বিভিন্ন জাতীয় দিবসে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হচ্ছে।

**ভবিষ্যৎ কর্মপরিকল্পনা:**

- বিভাগীয় ও কেন্দ্রীয় পর্যায়ে রচনা এবং সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন।

## শেখ ফজিলাতুননেছা মুজিব পল্লী সমাজসেবা প্রশিক্ষণ ও সামাজিক নিরাপত্তা কমপ্লেক্স স্থাপন

দুঃস্থ, অসহায়, বেকার তরুণ-তরুণী, সক্ষম বিধবা ও স্বামী পরিত্যক্তা মহিলা ও সামাজিক নিরাপত্তার আওতাভুক্ত জনগোষ্ঠী, প্রতিবন্ধী, পল্লী সমাজসেবা কার্যক্রম এবং পল্লী মাতৃকেন্দ্রের উপকারভোগীদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে সারাদেশে 'শেখ ফজিলাতুননেছা মুজিব পল্লী সমাজসেবা প্রশিক্ষণ ও সামাজিক নিরাপত্তা কমপ্লেক্স' স্থাপন প্রক্রিয়াধীন রয়েছে।

**ভবিষ্যৎ কর্মপরিকল্পনা:**

- ২২টি জেলায় 'শেখ ফজিলাতুন্নেছা মুজিব পল্লী সমাজসেবা প্রশিক্ষণ কেন্দ্র' এর পরিবর্তে সারাদেশের ৬৪টি জেলার ৪৯৩টি উপজেলায় 'শেখ ফজিলাতুননেছা মুজিব পল্লী সমাজসেবা প্রশিক্ষণ ও সামাজিক নিরাপত্তা কমপ্লেক্স' বাস্তবায়ন করার জন্য ডিপিপি প্রণয়ন।

## বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতার অন্তর্ভূক্ত কর্মক্ষম মহিলাদের নিয়ে গ্রাজুয়েশন স্কীম কার্যক্রমের উদ্যোগ গ্রহণ

দেশের সকল বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলাদের ডাটাবেজ প্রণয়নের লক্ষ্যমাত্রা ইতোমধ্যে অর্জিত হয়েছে। সকল উপকারভোগীর ডাটাবেজ তৈরির কাজ সম্পন্ন হয়েছে। এছাড়াও কর্মক্ষম বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলাদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ ও স্বাবলম্বীকরণের জন্য গ্রাজুয়েশন স্কীম কার্যক্রম নেয়ার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

**ভবিষ্যৎ কর্মপরিকল্পনা:**

- জরিপের মাধ্যমে কর্মক্ষম বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলাদের প্রকৃত সংখ্যা, বয়স, শিক্ষা, আর্থ-সামাজিক ও পারবারিক অবস্থা নির্ণয় করা
- স্বল্প ও দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ প্রদান গবেষণা কাযক্রম পরিচালনা করা।
- বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলাদের উপর গবেষণা কার্যক্রম পরিচালনা করা।

## সকল ভাতা ই-পেমেন্ট (G2P) এর মাধ্যমে বাস্তবায়ন

২০২১-২২ অর্থবছরে বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা ও প্রতিবন্ধী ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তির আওতায় ১ কোটি ৪ লক্ষ ২৬ হাজার ভাতাভোগীর ভাতার অর্থ G2P পদ্ধতিতে বিতরণের করা হচ্ছে। এছাড়া উপকারভোগী নির্বাচনে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে এবং উপকারভোগীর হয়রানি লাঘবে অনলাইনে আবেদন গ্রহণ করা হচ্ছে।

**ভবিষ্যৎ কর্মপরিকল্পনা:**

- ২৬২ টি উপজেলায় ভাতাপ্রাপ্তির যোগ্য সকল নারী ও পুরুষ এবং বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলাকে ভাতা প্রদান।
- পর্যায়ক্রমে অবশিষ্ট উপজেলায় ভাতাপ্রাপ্তির যোগ্য সকল নারী ও পুরুষ এবং বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলাকে ভাতা প্রদান।
- অনলাইনে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা চালুকরণ।

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মার মাগফেরাত কামনা করে কোরআন খতম

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মার মাগফেরাত কামনা করে গত ১৭ মার্চ ২০২০ হতে ১৫ আগস্ট ২০২১ এর মধ্যে সমাজসেবা অধিদপ্তরের আওতাধীন সকল ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্ত বেসরকারি এতিমখানা ও সরকারি শিশু পরিবারের এতিম নিবাসীদের মাধ্যমে ১ লক্ষ ৫০০ বার কোরআন খতম করা হয়েছে।

**ভবিষ্যৎ কর্মপরিকল্পনা:**

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মার মাগফেরাত কামনা করে ১৫ আগস্ট ২০২২ এর মধ্যে সমাজসেবা অধিদপ্তরের আওতাধীন সকল ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্ত বেসরকারি এতিমখানা ও সরকারি শিশু পরিবারের এতিম নিবাসীদের মাধ্যমে আরো ১ লক্ষ ১ হাজার বার কোরআন খতমের উদ্যোগ গ্রহণ।










**সমাজসেবা অধিদপ্তর**
**সমাজকল্যাণ মন্ত্রণালয়**

ই-মেইল: info@dss.gov.bd ওয়েব সাইট: www.dss.gov.bd